যুগান্তর

তারিখ 22 SEP 2005
পৃষ্ঠা 20 কলাম ৬

# সংসদে জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিল পাস

**যুগান্তর রিপোর্ট**

জাতীয় সংসদে গতকাল সংসদীয় স্থায়ী কমিটির সুপারিশকৃত আকারে জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিল-২০০৫ পাস করা হয়েছে। উচ্চ শিক্ষায় বিভিন্ন ক্ষেত্রে অগ্রসরমান বিশ্বের সঙ্গে সঙ্গতি রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয় পর্যায়ে উচ্চ শিক্ষা, গবেষণা, আধুনিক জ্ঞানচর্চা ও পঠন-পাঠনের সুযোগ সৃষ্টি এবং সম্প্রসারণের উদ্দেশ্যে সরকারি

পাস : পৃষ্ঠা ২ : কলাম ৬

## পাস : জগন্নাথ

(শেষ পৃষ্ঠার পর)

জগন্নাথ কলেজকে একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে উন্নীত ও রূপান্তর করার লক্ষ্যে শিক্ষামন্ত্রী ড. মুহাম্মদ ওসমান ফারুক বিলটি পাসের জন্য সংসদে উত্থাপন করেন।

বিলটি পাসের আগে শিক্ষামন্ত্রী বলেন, ঢাকা শহর ও আশপাশ অঞ্চলের বিশ্ববিদ্যালয়গুলোতে অব্যাহত ভর্তির চাপ হ্রাস, সরকারি জগন্নাথ কলেজের বিপুলসংখ্যক শিক্ষার্থীর পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রি লাভের সুযোগ সৃষ্টি এবং প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে সরকারি জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজকে উন্নীত ও রূপান্তর করে ওই স্থান ও আঙিনায় 'জগন্নাথ বিশ্ববিদ্যালয়' নামে একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

**ওষুধ নিয়ন্ত্রণ বিল উত্থাপন**

জাতীয় সংসদে গতকাল 'দ্য ড্রাগস (কন্ট্রোল) (অ্যামেন্ডমেন্ট) বিল-২০০৫ উত্থাপন করা হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী ড. খন্দকার মোশাররফ হোসেন স্পিকারের অনুমতি নিয়ে বিলটি উত্থাপন করার পর স্পিকার বিলটি পরীক্ষা-নিরীক্ষা করে রিপোর্ট পেশ করার জন্য সংশ্লিষ্ট সংসদীয় স্থায়ী কমিটিতে প্রেরণ করেন।